

টানা ৫ দিন অবরুদ্ধ ভারপ্রাপ্ত উপাচার্য ও উপ-উপাচার্য

■ জাৰি স্ববেদদাতা
রাষ্ট্রপতির নির্দেশ অনুযায়ী উপাচার্য প্যানেল নির্বাচনের তারিখ ঘোষণার দাবিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে গতকাল রোববার মানববন্ধন করেছে শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী ঐক্য ফোরাম। এ ছাড়া আন্দোলনরত শিক্ষকদের কর্মসূচি অব্যাহত থাকায় টানা পাঁচ দিন অবরুদ্ধ রয়েছেন ভারপ্রাপ্ত উপাচার্য ও উপ-উপাচার্য। এদিকে, বিশ্ববিদ্যালয়ে স্টুডেন্ট অচলাবস্থা নিরসনের দাবিতে সচল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় চাই, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় পরিবার বানাতে সন্ধ্যায় মোমবাতি হাতে যৌন মিছিল পেশে মানববন্ধন করেছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা।

রোববার দুপুর সাড়ে ১২টায় প্রণাসনিক ভবনের সামনে মানববন্ধন করেন শিক্ষক-শিক্ষার্থীদের যোচ্চা 'শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী ঐক্য ফোরাম'। মানববন্ধন পেশে সমাবেশে বক্তারা রাষ্ট্রপতির নির্দেশ অনুযায়ী উপাচার্য প্যানেল নির্বাচনের তারিখ ঘোষণা ও এমফিল সিএইচডি মুক্ত ছাত্র সংসদ নির্বাচনের দাবি জানান।

সন্ধ্যা সাড়ে ৭টায় বিশ্ববিদ্যালয়ের পরিবহন চক্রের সামনে থেকে মোমবাতি হাতে যৌন মিছিল বের করেন

শিক্ষক-শিক্ষার্থীরা। মিছিলটি বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারের সামনে এসে শেষ হয়। পরে শহীদ মিনারে চক্রে এক মানববন্ধনে জাৰি ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক

অধ্যাপক আহমেদ রেজার নেতৃত্বে পাঁচ পত্রিকার শিক্ষক ও শিক্ষার্থী অংশ নেন।

এদিকে আন্দোলনরত শিক্ষকরা বুধবার থেকে প্রণাসনিক ভবনে অবস্থান নেওয়ায় টানা পাঁচ দিন নিষ্ক কার্যদায় অবরুদ্ধ রয়েছেন ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক এমএ মতিন এবং উপ-উপাচার্য (প্রণাসন) অধ্যাপক আফসার আহমদ।

ঐক্য ফোরামের প্রধান সমন্বয়ক অধ্যাপক অজিত কুমার মল্লিকদার বলেন, রাষ্ট্রপতি নির্দেশ দিলেও অধ্যাপক আনোয়ার হোসেন এখনও উপাচার্য প্যানেল নির্বাচন দেননি। তিনি ইচ্ছামতো বিশ্ববিদ্যালয় চালাতে চান। তার পদত্যাগই একমাত্র সমাধান।

এদিকে কেন্দ্রীয় ছাত্র সংসদ (জাকসু) নির্বাচনের মনোনয়নপত্র বিতরণের সময় ২৪ থেকে ২৬ নভেম্বর পর্যন্ত বর্ধিত করা হয়েছে। মনোনয়নপত্র জমা নেওয়া হবে ১ ডিসেম্বর। ছাত্র সংসদ নির্বাচন হবে ২ জানুয়ারি। জাকসুর প্রধান নির্বাচন কমিশনার একেএম গাহনেওয়াজ স্বাক্ষরিত এক বিবৃতিতে গতকাল রোববার এ তথ্য জানানো হয়।

জাৰি
শিক্ষকদের
আন্দোলন
অব্যাহত